গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ

## (সংস্থাপন শাখা)

www.gopalganj.gov.bd

স্মারক নং-০৫.৩০.৩৫০০.০১৪.১১.০০১.২২-৩৮৬

তারিখ ঃ ২৬ জ্যৈষ্ঠ ১৪২৯ ব.
০৯ জুন ২০২২ খ্রি.

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ২১ এপ্রিল ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৮.১৫-৬২ নং স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ-এর সাধারণ প্রশাসনের আওতাভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সরাসরি পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত গোপালগঞ্জ জেলা স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের নির্ধারিত ফরমে আবেদন করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড | বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | উপ-প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন পদ : সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর) | ০১ (এক)টি | ১৩তম | ১১০০০-২৬৫৯০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা থাকতে হবে;<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে;<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি কমপক্ষে ইংরেজিতে ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ০২ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন পদ : সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) | ০৫ (পাঁচ)টি | ১৪তম | ১০২০০-২৪৬৮০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা থাকতে হবে;<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে;<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি কমপক্ষে ইংরেজিতে ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| | হিসাব সহকারী | ০১ (এক)টি | ১৬তম | ৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে;<br>(গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ থাকতে হবে; |

**শর্তাবলী**

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও গোপালগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;

২. আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/১২/২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী চাকরির আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.forms.gov.bd ওয়েবসাইট, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ-এর www.gopalganj.gov.bd ওয়েবসাইট এবং এ কার্যালয়ের সংস্থাপন শাখা ও তথ্য সেবা কেন্দ্র হতে সংগ্রহ করা যাবে;

৩. নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে; নির্ধারিত আবেদন ফরম স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে;

৪. বিবাহিত মহিলা প্রার্থীদের স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে;

৫. আবেদনপত্র জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবর দাখিল করতে হবে;

৬. আবেদনপত্র আগামী ৩০/০৬/২০২২ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে এ কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে। হাতে হাতে আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

৭. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে;

- ক) প্রার্থীর সাম্প্রতিক ৫ × ৫ সে.মি. সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
- খ) জেলা প্রশাসক, গোপালগঞ্জ-এর অনুকূলে ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১-০৭৪২-০০০১-২০৩১ নং কোডে ১০০/- (একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে
- গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর সাথে আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর নাম ও ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাকটিকিট লাগানো ০১ (এক)টি ১০.৫ × ৪.৫ ইঞ্চি ফেরত খাম সংযুক্ত করতে হবে;
- ঘ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
- ঙ) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
- চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (সত্যায়িত অনুলিপি গ্রহণযোগ্য নয়);
- ছ) জাতীয় পরিচয়পত্র অথবা সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;
- জ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী আবেদনকারী চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
- ঝ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
- ঞ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
- ট) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
- ঠ) আবেদন সংশ্লিষ্ট কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবীযুক্ত স্পষ্ট সিল থাকতে হবে;

৮. প্রার্থীর বয়সসীমা আগামী ১৩/০৬/২০২২ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। তবে শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনীর ক্ষেত্রে বয়সসীমা ৩০ বৎসর। বয়স নিরূপণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৯. কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও তারিখে লিখিত/মৌখিক/উভয় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না;

১০. চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না;

১১. নিয়োগের ক্ষেত্রে সকল সরকারি বিধি বিধান ও কোটা যথাযথ অনুসরণ করা হবে;

১২. খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে;

১৩. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন, পরিবর্ধন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

১৪. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে; লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময়ে নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচত্রপত্র/জন্মনিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ (যদি থাকে)সহ সকল প্রকার সনদ ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে;

১৫. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবেন না। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(শাহিদা সুলতানা)
জেলা প্রশাসক
গোপালগঞ্জ
ফোন : ০২-৪৭৮৮২১৭২০
e-mail : dcgopalganj@mopa.gov.bd

পিএফ-৭৬৩-৬১৪/২২ (১২´×৪)